# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০

**www. bb.org.bd**

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩- ০৬

তারিখ ঃ ২৯ ফাল্গুন, ১৪১৯
১৩ মার্চ, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ,

**ঋণপত্র খোলার সময় ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্টে মূসক নিবন্ধন নম্বর উল্লেখ করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ২৬/০২/২০১৩ তারিখের পত্র নং- NBR/IT/AWIP/ADMN-P(1)/12/৮৯৯ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো ।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯২

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা,ঢাকা ।

নথি নং-NBR/IT/AWIP/ADMN-P(1)/12 /৪৯৯ তারিখ ২৮/০২/২০১৩

বিষয় ঃ ঋণপত্র খোলার সময় ঋণপত্র, বিল অব লেডিং ও অন্যান্য শিপিং ডকুমেন্টে মূসক নিবন্ধন নম্বর উল্লেখ করা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে তাঁর সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, দেশের আমদানি বাণিজ্যের সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে আমদানিকারকগণের মূল্য সংযোজন করের ( মূসক ) আওতায় নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক। কিন্তু প্রায়শই দেখা যাচ্ছে আমদানিকারকগণ মূসক নিবন্ধন নম্বর ( Business Identification Number ) উল্লেখ না করে বাণিজ্যিক ব্যাংক হতে ঋণপত্র খুলছেন। এতে পণ্য খালাসে জটিলতার উদ্ভব হওয়ার পাশাপাশি আমদানি বাণিজ্যের নির্ভরযোগ্য MIS প্রস্তুত করা সম্ভব হচ্ছে না ।

০২। বর্ণিত পরিস্থিতিতে, সকল বাণিজ্যিক ব্যাংক-কে ঋণপত্র খোলার সময় আবশ্যিকভাবে আমদানিকারকের নাম ও ঠিকানার পাশাপাশি মূসক নিবন্ধন নম্বর সুস্পষ্টভাবে ঋণপত্র, বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, ইনভয়েস, প্যাকিং লিষ্টসহ সকল শিপিং ডকুমেন্টে যেন উল্লেখ করা হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের চলমান অটোমেশন প্রক্রিয়া সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

সৈয়দ মুশফিকুর রহমান
প্রথম সচিব (শুল্ক ঃ আঃবাঃচুঃ)
ও
অতিরিক্ত প্রকল্প পরিচালক
এ্যাসাইকুডা ওয়ার্ল্ড বাস্তবায়ন প্রকল্প
ফোন ঃ ৯৩৪২৬২৪
ফ্যাক্স ঃ ৯৩৫০৪২৭

জনাব এস,কে, শুর চৌধুরী
ডেপুটি গভর্ণর
(ব্যাংকিং রেগুলেশন এন্ড পলিসি)
বাংলাদেশ ব্যাংক,ঢাকা।